# RAMAKRISHNA MISSION VIDYAMANDIRA

**(Residential Autonomous College affiliated to University of Calcutta)**

**B.A./B.Sc. SECOND SEMESTER EXAMINATION, MAY 2018**

**FIRST YEAR [BATCH 2017-20]**

**BENGALI (General)**

**Paper : II**

Date : 26/05/2018

Time : 11 am – 2 pm

Full Marks : 75

১। যে কোনো **একটি** প্রশ্নের উত্তর দাও। [১×১৫]

ক) মহাকাব্য কাকে বলে? মহাকাব্য কত প্রকার ও কি কি? বাংলা আলঙ্কারিক মহাকাব্যের বৈশিষ্ট্যগুলো আলোচনা করে একটি এ জাতীয় সার্থক মহাকাব্য নিয়ে আলোচনা করো। [২+১+(২+১০)]

খ) সামাজিক উপন্যাস কাকে বলে? বাংলা সাহিত্য থেকে একটি উদাহরণ নিয়ে সামাজিক উপন্যাসের প্রকৃতি স্পষ্টভাবে বুঝিয়ে দাও। [২+১৩]

২। যে কোনো **একটি** প্রশ্নের উত্তর দাও। [১×১৫]

ক) বাংলা সাহিত্যে 'কল্লোল' পত্রিকার অবদান আলোচনা করো।

খ) 'তত্ত্ববোধিনী' এবং 'সবুজপত্র' পত্রিকা সম্পর্কে সংক্ষিপ্ত আলোচনা করো। [২×৭·৫]

৩। উদাহরণসহ সংজ্ঞা দাও। (যে কোন **দুটি**)। [২×৫]

ক) ছেকানুপ্রাস খ) রূপক

গ) মালোপমা ঘ) বাচ্যোৎপ্রেক্ষা

৪। ব্যাখ্যা সহ অলংকার নির্ণয় করো। (যে কোন **দুটি**)। [২×৫]

ক) গুরু গুরু মেঘ গুমরি গুমরি
গরজে গগনে গগনে
গরজে গগনে।

খ) শরদিন্দুনিভাননী প্রমীলা সুন্দরী।

গ) আনিয়াছি ছুরি তীক্ষ্নদীপ্ত প্রভাতরশ্মিসম।

ঘ) কে বলে ঈশ্বর গুপ্ত ব্যাপ্ত চরাচর,
যাহার প্রভায় প্রভা পায় প্রভাকর?

৫। যে কোনো **একটি** ভাব সম্প্রসারণ করো। [১×১০]

ক) ভিমরুলে মৌমাছিতে হল রেষারেষি,
দুজনায় মহা তর্ক শক্তি কার বেশি।
ভিমরুল কহে, আছে সহস্র প্রমাণ
তোমার দংশন নহে আমার সমান।
মধুকর নিরুত্তর ছলছল-আঁখি—
বনদেবী কহে তার কানে কানে ডাকি,
কেন বাছা নতশির! এ কথা নিশ্চিত
বিষে তুমি হার মানো, মধুতে যে জিত।

খ) ঠাঁই নাই, ঠাঁই নাই — ছোটো সে তরী
আমারি সোনার ধানে গিয়েছে ভরি।
শ্রাবণগগন ঘিরে
ঘন মেঘ ঘুরে ফিরে,
শূন্য নদীর তীরে
রহিনু পড়ি—
যাহা ছিল নিয়ে গেল সোনার তরী।

৬। যে কোনো **একটি** প্রশ্নের উত্তর দাও। [১×১৫]

ক) মাথুর কাকে বলে? মাথুর পর্যায়ের শ্রেষ্ঠ কবি কে? তাঁর কবি কৃতিত্ব সম্বন্ধে আলোচনা করো।

খ) 'নীরদ নয়নে নীর ঘন সিঞ্চনে
পুলক-মুকুল-অবলম্ব।' — এটি কোন্ পর্যায়ের পদ? এই পর্যায়ের শ্রেষ্ঠ কবি কে? 'নীরদ নয়নে' বলতে কী বোঝানো হয়েছে? উদ্ধৃত পদটি বিশ্লেষণ করে কাব্যসৌন্দর্য বুঝিয়ে দাও। [১+১+১+১২]

——— × ———